বিলালকে আযানের বাক্য দু’বার ও ইক্বামাতের বাক্য একবার করে বলার নির্দেশ দেওয়া হল।

আনাস ইবন মালিক থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত: “বিলালকে আযানের বাক্য দু’বার ও
ইক্বামাতের বাক্য একবার করে বলার নির্দেশ দেওয়া হল”। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার মুয়াজ্জিন বিলালকে আযানের বাক্য দু’বার করে বলার নির্দেশ দেন। কারণ, এটি অনুপুস্থিত লোকদের অবগত করার জন্য। তাই বাক্যগুলো দুইবার করে বলবে। তবে এটি শুরুতে তাকবীর ছাড়া অন্য বাক্যের ক্ষেত্রে প্রযোজ্য। কারণ, শুরুতে তাকবীর চারবার বলা হাদীস দ্বারা প্রমাণিত এবং শেষে তাওহীদের বাক্য। কারণ, তা একবার বলা প্রমাণিত। যেমনিভাবে তিনি বিলালকে ইকামতে বাক্যগুলো বেজোড় করে বলার নির্দেশ দেন। কারণ, ইকামত হলো উপস্থিত লোকদের সতর্ক করার জন্য। আর এটি তাকবীর ও কাদকামাতিস সালাহ ছাড়া। কারণ, এ দুটি বাক্য দুইবার করে বলা হাদীস দ্বারা প্রমাণিত।

http://sunnah.global/hadeeth/bn/show/3307